গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০১.১৮.০০৯.১৫- ৯৭৬ তারিখঃ ১৪/০৮/২০২৫ খ্রিঃ

**বিষয়ঃ বস্ত্র অধিদপ্তরের আওতাধীন সকল কার্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ওয়েবসাইটে মিশন, ভিশন ও কার্যাবলী হালনাগাদকরণ প্রসংঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বস্ত্র অধিদপ্তরের আওতাধীন সকল কার্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইট হালনাগাদ করণ কমিটি কর্তৃক সুপারিশকৃত নিম্নলিখিত ভিশন, মিশন ও কার্যাবলী স্ব-স্ব প্রতিষ্ঠানের ওয়েব সাইটে হালনাগাদ করনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। **ভিশন ও মিশনঃ**

ক) **বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়ের ভিশন ও মিশনঃ**

**ভিশনঃ**- "দেশীয় জনবল নির্ভর বস্ত্রখাত ও বস্ত্রশিল্পের বিকাশ"।

**মিশনঃ**- বস্ত্র শিক্ষার গুনগতমান নিশ্চতকরণের তদারকি ও বস্ত্র শিল্পের পোষক কর্তৃপক্ষের কার্যক্রমের মাধ্যমে বস্ত্র শিল্প বিকাশে সহায়তা করা।

খ) **টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ এর ভিশন ও মিশনঃ**

**ভিশনঃ** টেকসই বস্ত্র শিল্প বিনির্মাণে দক্ষ বস্ত্র প্রকৌশলী গড়ে তোলা।

**মিশনঃ** যুগোপযোগী বস্ত্র প্রযুক্তি, গবেষণা ও উদ্ভাবনের মাধ্যমে আন্তর্জাতিক প্রতিযোগিতায় নেতৃত্বদানে সক্ষম দক্ষ প্রকৌশলী গড়ে তোলা।

গ) **টেক্সটাইল ইনস্টিটিউট এর ভিশন ও মিশনঃ**

**ভিশনঃ** যুগোপযোগী বস্ত্র শিল্পের জন্য মধ্যম পর্যায়ের দক্ষ প্রযুক্তিবিদ গড়ে তোলা।

**মিশনঃ** যুগোপযোগী প্রযুক্তির শিক্ষা প্রদানের মাধ্যমে দেশীয় বস্ত্রখাতে নেতৃত্ব প্রদানে সক্ষম ও উদ্যোক্তা হওয়ার মানসিকতাসম্পন্ন মধ্যম পর্যায়ের বস্ত্র প্রযুক্তিবিদ গড়ে তোলা।

ঘ) **টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট এর ভিশন ও মিশনঃ**

**ভিশনঃ** দেশীয় ও আন্তর্জাতিক বস্ত্রখাতের চাহিদা পূরণে দক্ষ জনবল গড়ে তোলা।

**মিশনঃ** গুনগত মানসম্পন্ন বস্ত্র শিক্ষা প্রদান ও হাতে কলমে প্রশিক্ষণের মাধ্যমে দেশীয় বস্ত্রখাতের শতভাগ চাহিদা পূরণের পাশাপাশি আন্তর্জাতিক শ্রমবাজারে দক্ষ জনবল রপ্তানী করা।

২। **কার্যাবলীঃ**

ক) **টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ এর কার্যাবলীঃ**

১. বস্ত্র প্রযুক্তির বিভিন্ন শাখায় যেমন স্পিনিং, উইভিং, নিটিং, ডাইং, ফিনিশিং শিক্ষার্থীদের থিওরি ও প্রাকটিকাল জ্ঞান প্রদান;
২. যুগের চাহিদার সাথে তাল মিলিয়ে দক্ষ বস্ত্র প্রকৌশলী তৈরি এবং সরবরাহ;
৩. শিক্ষার মান নিশ্চিতকরণ, শিক্ষার গুণগত মান বজায় রাখা এবং যুগের চাহিদার সাথে তাল মিলাতে বস্ত্র শিল্পে ব্যবহৃত আপডেটেড মেশিন সহ অন্যান্য প্রযুক্তির সাথে পরিচয় করানো;
৪. টেক্সটাইল প্রযুক্তি, প্রক্রিয়া ও ক্রমবর্ধমান পরিবর্তনশীল প্রযুক্তি সম্পর্কে ব্যবহারিক ও তাত্ত্বিক জ্ঞান প্রদান;
৫. টেক্সটাইল প্রযুক্তি সম্পর্কিত বিষয়াদি নিয়ে ছাত্র-শিক্ষক সমন্বয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা;
৬. শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির জন্য হাতে-কলমে আধুনিক মেশিনারিজ পরিচালনায় ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ও ইন্টার্নশিপের সুযোগ তৈরি;

চলমান পাতা-২

৭. পরিবেশবান্ধব ও টেকসই প্রযুক্তির উদ্ভাবন ও প্রসার;
৮. শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে উৎসাহিত করা এবং প্রয়োজনীয় জ্ঞান ও পরামর্শ প্রদান;
৯. বস্ত্র শিল্প প্রতিষ্ঠান ও বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বাস্তবধর্মী জ্ঞান আদান-প্রদানের মাধ্যমে সমন্বয় ও সম্পর্ক স্থাপন;
১০. বিশ্ববাজারে হালনাগাদ চাহিদা নিরূপন ও তদানুযায়ী প্রতিযোগিতামূলক দক্ষ বস্ত্র প্রকৌশলী তৈরি;
১১. টেক্সটাইল শিল্পের জন্য প্রযুক্তিগত সমস্যা সমাধানে সৃজনশীল কাজ করা এবং পরামর্শ প্রদান করা;
১২. শিক্ষার্থীদের মধ্যে নৈতিকতা, নেতৃত্ব গুণাবলি ও পেশাদার মনোভাব সৃষ্টিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা।

**খ) টেক্সটাইল ইনস্টিটিউট এর কার্যাবলীঃ**

১. ব্যবহারিক ভিত্তিক ল্যাব পরিচালনা (স্পিনিং, উইভিং, ফিনিশিং, গার্মেন্টস);
২. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কারিকুলাম অনুযায়ী শিক্ষা এবং ট্রেডভিত্তিক প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধি;
৩. ইন্ডাস্ট্রি লিংকেজ: ইন্টার্নশিপ ও ফ্যাক্টরি ভিজিট;
৪. ইন্ডাস্ট্রি লিংকেজ: ইন্টার্নশিপ ও ফ্যাক্টরি ভিজিট;
৫. জব প্লেসমেন্ট ও স্থানীয় শিল্পে যোগদানের সুযোগ সৃষ্টিতে সহায়তা;
৬. জাতীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদা পূরণের উপযোগী দক্ষ, যোগ্য ও স্মার্ট বস্ত্র প্রকৌশলী তৈরি করা এবং সরবরাহ;
৭. শিক্ষার মান নিশ্চিতকরণ, শিক্ষার গুণগত মান বজায় রাখা এবং যুগের চাহিদার সাথে তাল মিলাতে বস্ত্র শিল্পে ব্যবহৃত আপডেটেড মেশিন সহ অন্যান্য প্রযুক্তির সাথে পরিচয় করানো;
৮. বস্ত্র প্রকৌশলের বিভিন্ন ক্ষেত্রে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান সংবলিত মানসম্পন্ন শিক্ষা কার্যক্রম পরিচালনা করা;
৯. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সাথে সমন্বয় করে বস্ত্র শিল্পের চাহিদা ও প্রযুক্তির অগ্রগতির সাথে তাল মিলিয়ে পাঠক্রম নিয়মিত পর্যালোচনা, উন্নয়ন ও আধুনিক করা;
১০. বস্ত্র শিল্প প্রতিষ্ঠানগুলোর সাথে সুসম্পর্ক তৈরী করে শিক্ষার্থীদের ইন্টার্নশীপ, শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন এবং চাকরির সুযোগ সৃষ্টিতে সহায়তা করা;
১১. শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে উৎসাহিত করা এবং বস্ত্র শিল্প গড়ে তুলতে প্রয়োজনীয় জ্ঞান ও পরামর্শ প্রদান;
১২. শিক্ষার্থীদের মধ্যে নৈতিকতা, নেতৃত্ব গুণাবলি ও পেশাদার মনোভাব সৃষ্টিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা।

**গ) টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট এর কার্যাবলীঃ**

১. টিভিআই তে ৪ টি (i. উইভিং, ii. নিটিং, iii. ড্রেস মেকিং, iv. ডাইং, প্রিন্টিং ও ফিনিসিং) ট্রেড পড়ানো হয়, যা একজন দক্ষ বস্ত্র প্রকৌশলী তৈরি তে খুবই গুরুত্বপূর্ণ, অর্থাৎ প্রাথমিক ভিত্তি টা টিভিআই থেকে শুরু হয়;
২. ঝরে পড়া শিক্ষার্থীদের কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী করে তোলার জন্য হাতে কলমে শিখানো হয়;
৩. কর্মমুখী শিক্ষার মাধ্যমে নারী ক্ষমতায়নে ভূমিকা রাখতে টিভিআই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে;
৪. টেক্সটাইল বিষয়ক তাত্ত্বিক এবং ব্যবহারিক জ্ঞান সম্বলিত শিক্ষা কার্যক্রম পরিচালনা করা;
৫. ফ্লোর লেভেলের জনবল তৈরির জন্য অত্যাধুনিক ল্যাব, ওয়ার্কশপ ও যন্ত্রপাতির যথাযথ ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের হাতে কলমে দক্ষ করা;
৬. বস্ত্র শিল্প প্রতিষ্ঠানের সাথে ইন্টার্নশিপ ও পরিদর্শন নিশ্চিত করার কার্যক্রম গ্রহণ করা;
৭. বাজারের চাহিদা অনুযায়ী কারিকুলাম তৈরি ও যুগোপযোগী করণে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর সাথে সমন্বয় করা;
৮. শিক্ষার্থীদের মধ্যে নৈতিকতা, নেতৃত্ব গুনাবলি ও পেশাদার মনোভাব সৃষ্টি করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা।

চলমান পাতা-৩

**ঘ) বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়ের কার্যাবলীঃ**

১। বস্ত্রশিক্ষা সংক্রান্ত কাজ বিশেষ করে আওতাধীন টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট সমূহের শিক্ষা কার্যক্রম পরিচালনা;

২। শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা গ্রহণে ও পেশাগত জ্ঞান বৃদ্ধিতে পরামর্শ প্রদান এবং শিল্প প্রতিষ্ঠানের সাথে যোগসূত্র স্থাপনে সহায়তা করা;

৩। অত্র কার্যালয়ের আওতাধীন বস্ত্রখাত সংশ্লিষ্ট সকলের চাহিত সেবা/পরামর্শ প্রদান করা;

৪) আওতাধীন প্রতিষ্ঠান সমূহের সার্বিক তত্ত্বাবধান;

৫। সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করা।

৩। উল্লেখিত মিশন, ভিশন ও কার্যাবলীসমূহ শিক্ষা শাখা এবং আইসিটি শাখা তদারকি/বাস্তবায়ন করবে।

২৪/০৮/২০২৫

(মোঃ সাইফুর রহমান)
উপপরিচালক (প্রশাসন) (অ:দা:)

আহ্বায়ক,
ওয়েবসাইট হালনাগাদকরণ কমিটি,
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

নং-২৪.০২.০০০০.০০১.১৮.০০৯.১৫- ৯৭৮

তারিখঃ ২৪/০৮/২০২৫ খ্রিঃ

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)।
২. অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট (সকল)।
৩. উপপরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর (সকল)।
৪. সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিইটউট (সকল)।
৫. প্রোগ্রামার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৬. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. সহকারী পরিচালক, জেলা বস্ত্র অধিদপ্তর (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৮. পি এ টু মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. পি এ টু পরিচালক (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অফিস কপি।

Sumona
২৪/০৮/২৫

(মোছাঃ সুমনা পারভীন)
সহকারী পরিচালক (প্রশাসন)